# বরিশাল বিশ্ববিদ্যালয়

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং বিইউ/রেজি/নিয়োগ বিজ্ঞপ্তি/১০২ (ভলিউম -২)/ ২০১২/১১৯০০

তারিখ: ২০ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ
০৪ জানুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে নিম্নবর্ণিত বিভিন্ন পদসমূহ পূরণের নিমিত্তে যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র. নং | পদ ও বিভাগ/ দপ্তর | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ১. | সহকারী অধ্যাপক: ০১টি স্থায়ী পদ<br>গ্রেড-৬, জাতীয় বেতন স্কেল-২০১৫<br>কোস্টাল স্টাডিজ এন্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট বিভাগ | সহকারী অধ্যাপক পদের জন্য প্রার্থীর এসএসসি ও এইচএসসি বা সমমানের পরীক্ষায় উভয়টিতে প্রথম বিভাগ অথবা জিপিএ ৪.০০ (স্কেল: ৫.০০) থাকতে হবে। একই সাথে পানি সম্পদ প্রকৌশল/ পুরঃ প্রকৌশল/ মেরিন প্রকৌশল বিষয়ে ৪ বছর মেয়াদী স্নাতক ডিগ্রিসহ সংশ্লিষ্ট বিষয়ে অথবা উপকূল বিদ্যা বা দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় কমপক্ষে যে কোনো একটিতে ১ম শ্রেণি থাকতে হবে এবং শিক্ষাজীবনের কোনো ক্ষেত্রে ৩য় শ্রেণি গ্রহণযোগ্য নয়। সিজিপিএ'র ক্ষেত্রে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় উভয়টিতে কমপক্ষে ৩.৫০ (স্কেল-৪.০০) থাকতে হবে। তবে উপকূল বিদ্যা বা দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রিধারী প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া যেতে পারে এবং সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীকে অধিকতর অগ্রাধিকার দেয়া যেতে পারে। প্রার্থীর স্বীকৃত জার্নাল বা বইয়ে অন্তত একটি প্রকাশনা থাকতে হবে এবং বিশ্ববিদ্যালয় পর্যায়ে অথবা স্বীকৃত মানের গবেষণা প্রতিষ্ঠানে অন্তত ৩ (তিন) বছরের শিক্ষকতা/ গবেষণার অভিজ্ঞাতা থাকতে হবে। |
| ২. | প্রভাষক: ১৪টি স্থায়ী পদ<br>গ্রেড-৯, জাতীয় বেতন স্কেল-২০১৫<br>ইংরেজি বিভাগ (০২টি), দর্শন বিভাগ (০১টি), ইতিহাস ও সভ্যতা বিভাগ (০১টি), অর্থনীতি বিভাগ (০১টি), পরিসংখ্যান বিভাগ (০১টি), কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ (০২টি), একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগ (০১টি), মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞান বিভাগ (০১টি), কোস্টাল স্টাডিজ এন্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট বিভাগ (০২টি), প্রাণরসায়ন ও জীবপ্রযুক্তি বিভাগ (০২টি)। | প্রভাষক পদের জন্য প্রার্থীর এসএসসি ও এইচএসসি বা সমমানের পরীক্ষায় উভয়টিতে প্রথম বিভাগ (জিপিএ পদ্ধতি প্রবর্তনের পূর্বের ক্ষেত্রে)/জিপিএ ৪.০০ (স্কেল: ৫.০০) সহ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় কমপক্ষে যে কোন ০১(এক) টিতে প্রথম শ্রেণি থাকতে হবে এবং শিক্ষাজীবনের কোনো ক্ষেত্রে ৩য় শ্রেণি গ্রহণযোগ্য নয়। সিজিপিএ'র ক্ষেত্রে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় উভয়টিতে কমপক্ষে ৩.৫০ (স্কেল: ৪.০০) থাকতে হবে। পিএইচডি ডিগ্রি থাকলে অন্যান্য শিক্ষাগত যোগ্যতার যে কোন একটি শর্ত শিথিল করা যেতে পারে। কোস্টাল স্টাডিজ এন্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট বিভাগের ক্ষেত্রে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পানি সম্পদ প্রকৌশল/ পুরঃ প্রকৌশল/ মেরিন প্রকৌশল বিষয়ে ৪ বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রিসহ উক্ত বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি অথবা উপকূল বিদ্যা বা দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। ইংরেজি ও কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর উভয় শ্রেণিতে ন্যনতম সিজিপিএ ৩.৫০ (স্কেল-৪.০০) প্রাপ্ত প্রার্থী পাওয়া না গেলে এর যে কোনো একটিতে সিজিপিএ ৩.৪৫ (স্কেল-৪.০০) পর্যন্ত শিথিলযোগ্য হবে। |
| ৩. | উপ-পরীক্ষা নিয়ন্ত্রক : ১টি স্থায়ী পদ<br>গ্রেড-৫, জাতীয় বেতন স্কেল ২০১৫ | প্রার্থীকে কোনো অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে। শিক্ষাজীবনে সকল ক্ষেত্রে ন্যনতম দ্বিতীয় শ্রেণি/বিভাগ/সিজিপিএ/জিপিএ ৩.০০ থাকতে হবে। যে কোন সরকারি/ প্রাইভেট বিশ্ববিদ্যালয়ে সংশ্লিষ্ট কাজে ০৮ (আট) বছরের অভিজ্ঞতাসহ সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক হিসেবে ন্যনতম ৬ (ছয়) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। পাবলিক বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা পদ্ধতি এবং ব্যবস্থাপনা সম্পর্কে বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। |
| ৪. | সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক : ১টি স্থায়ী পদ<br>গ্রেড-৭, জাতীয় বেতন স্কেল ২০১৫ | প্রার্থীকে কোনো অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে। শিক্ষাজীবনে সকল ক্ষেত্রে ন্যনতম দ্বিতীয় শ্রেণি/বিভাগ/সিজিপিএ/জিপিএ ৩.০০ থাকতে হবে। পাবলিক বিশ্ববিদ্যালয়/ শিক্ষা বোর্ডে পরীক্ষা সংক্রান্ত কার্যক্রমে প্রথম শ্রেণির সেকশন অফিসার/ সমমানের পদে ন্যনতম ৪ (চার) বছরের অভিজ্ঞতা থাকতে হবে এবং বিভিন্ন রকম উচ্চ শিক্ষা পদ্ধতি, পরীক্ষা ও সমস্যাদি সম্পর্কে ওয়াকিবহাল থাকতে হবে। গোপনীয় কাগজপত্র নিয়ে কাজ করা ও সংরক্ষণের যোগ্যতা থাকতে হবে। প্রার্থীর কম্পিউটার ব্যবহারের অভিজ্ঞতা থাকা আবশ্যক। |
| ৫. | সহকারী লাইব্রেরিয়ান : ১টি স্থায়ী পদ<br>গ্রেড-৭, জাতীয় বেতন স্কেল ২০১৫ | প্রার্থীকে কোনো অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে লাইব্রেরি সায়েন্সে স্নাতক (সম্মান)সহ স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে। শিক্ষাজীবনে সকল ক্ষেত্রে ন্যনতম দ্বিতীয় শ্রেণি/বিভাগ/সিজিপিএ/জিপিএ ৩.০০ থাকতে হবে। যে কোনো বিশ্ববিদ্যালয়/সরকারি/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে ১ম শ্রেণির কর্মকর্তা হিসেবে ৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৬. | অডিট এন্ড একাউন্টস অফিসার: ১ টি স্থায়ী পদ<br>অডিট সেল<br>গ্রেড-৯, জাতীয় বেতন স্কেল ২০১৫ | প্রার্থীকে কোনো অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য/ ব্যবসায় শিক্ষা অনুষদাধীন স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে। শিক্ষাজীবনে সকল ক্ষেত্রে ন্যনতম দ্বিতীয় শ্রেণি/বিভাগ/ সিজিপিএ/জিপিএ ৩.০০ থাকতে হবে। প্রার্থীর কোনো সরকারি/ অধাসরকারি/ স্বায়ত্বশাসিত/ বেসরকারি বাণিজ্যিক প্রতিষ্ঠানে হিসাবরক্ষণ কাজে কমপক্ষে ৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকা বাঞ্ছনীয়। প্রার্থীর বাজেট, ফিন্যান্সিয়াল একাউন্টস এবং ব্যালেন্সশিট তৈরীসহ অডিটসংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৭. | ইমাম: ১ টি স্থায়ী পদ<br>কেন্দ্রীয় মসজিদ<br>গ্রেড-১০, জাতীয় বেতন স্কেল ২০১৫ | প্রার্থীকে অবশ্যই দ্বিতীয় শ্রেণির কামিল অথবা ইসলামিক স্টাডিজ/ আরবি বিষয়ে ২য় শ্রেণিতে এমএ বা সমমানের ডিগ্রিধারী হতে হবে। শিক্ষাজীবনে সকল ক্ষেত্রে ন্যনতম দ্বিতীয় শ্রেণি/বিভাগ/ সিজিপিএ/জিপিএ ৩.০০ থাকতে হবে। শুদ্ধ উচ্চারণে কুরআন তেলাওয়াতের যোগ্যতাসহ কোনো প্রতিষ্ঠানের জামে মসজিদে ইমামতির অভিজ্ঞতা থাকা বাঞ্ছনীয়। হাফেজ-ই-কুরআন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। |
| ৮. | উপ-সহকারী প্রকৌশলী (নেটওয়ার্কিং): ১টি স্থায়ী পদ<br>নেটওয়ার্কিং এন্ড আইটি দপ্তর<br>গ্রেড-১০, জাতীয় বেতন স্কেল ২০১৫ | প্রার্থীকে স্বীকৃত কোনো পলিটেকনিক ইন্সটিটিউট থেকে কম্পিউটার টেকনোলজিতে ৪ (চার) বছর মেয়াদী ডিপ্লোমা থাকতে হবে। সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকা বাঞ্ছনীয়। শিক্ষাজীবনে সকল ক্ষেত্রে ন্যূনতম দ্বিতীয় শ্রেণি/বিভাগ/সিজিপিএ/জিপিএ ৩.০০ থাকতে হবে। |
| ৯. | জুনিয়র ইন্সট্রুমেন্ট ইঞ্জিনিয়ার: ১টি স্থায়ী পদ<br>(কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ)<br>গ্রেড-১০, জাতীয় বেতন স্কেল ২০১৫ | প্রার্থীকে ইলেকট্রনিক টেকনোলজিতে স্বীকৃত পলিটেকনিক ইন্সটিটিউট থেকে ৪ (চার) বছর মেয়াদী ডিপ্লোমা ডিগ্রিধারী হতে হবে। শিক্ষাজীবনে সকল ক্ষেত্রে ন্যূনতম দ্বিতীয় শ্রেণি/বিভাগ/জিপিএ/ সিজিপিএ ৩.৫০ থাকতে হবে। প্রার্থীর সমধর্মী কম্পিউটার ল্যাব পরিচালনায় ৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকা বাঞ্ছনীয়। |
| ১০. | জুনিয়র ইন্সট্রুমেন্ট ইঞ্জিনিয়ার: ১টি স্থায়ী পদ<br>(পদার্থবিজ্ঞান বিভাগ)<br>গ্রেড-১০, জাতীয় বেতন স্কেল ২০১৫ | প্রার্থীকে ইলেকট্রনিক অথবা মেকানিক্যাল টেকনোলজিতে স্বীকৃত পলিটেকনিক ইন্সটিটিউট থেকে ৪ (চার) বছর মেয়াদী ডিপ্লোমা ডিগ্রিধারী হতে হবে। শিক্ষাজীবনের সকল পর্যায়ে কমপক্ষে ২য় শ্রেণি/বিভাগ/ জিপিএ/সিজিপিএ ৩.০০ থাকতে হবে। প্রার্থীর পদার্থবিজ্ঞানের বা সমধর্মী ল্যাব পরিচালনায় ৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকা বাঞ্ছনীয়। |

| | | |
|---|---|---|
| ১১. | ডেমোনস্ট্রেটর : ১টি স্থায়ী পদ<br>কোস্টাল স্টাডিজ এন্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট বিভাগ<br>গ্রেড-১০, জাতীয় বেতন স্কেল ২০১৫ | প্রার্থীকে কোনো অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে রসায়ন/ পরিবেশ বিজ্ঞান/ কেমিকৌশল/ পানি সম্পদ প্রকৌশল বিভাগে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে এবং শিক্ষাজীবনের সকল পর্যায়ে কমপক্ষে ২য় শ্রেণি/বিভাগ/জিপিএ/ সিজিপিএ ৩.০০ থাকতে হবে। প্রার্থীর সমধর্মী ল্যাব পরিচালনা ও কম্পিউটারে কাজ করার ৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকা বাঞ্ছনীয়। |
| ১২. | ডেমোনস্ট্রেটর : ১টি স্থায়ী পদ<br>রসায়ন বিভাগ<br>গ্রেড-১০, জাতীয় বেতন স্কেল ২০১৫ | প্রার্থীকে কোনো অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে রসায়ন বিভাগে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে এবং শিক্ষাজীবনের সকল পর্যায়ে কমপক্ষে ২য় শ্রেণি/বিভাগ/জিপিএ/ সিজিপিএ ৩.০০ থাকতে হবে। প্রার্থীর ল্যাব যন্ত্রপাতি পরিচালনা ও কম্পিউটারে কাজ করার বাস্তব অভিজ্ঞতা থাকা বাঞ্ছনীয়। |
| ১৩. | পিএ-কাম-কম্পিউটার অপারেটর: ১ টি স্থায়ী পদ<br>ট্রেজারারের কার্যালয়<br>গ্রেড-১১, জাতীয় বেতন স্কেল ২০১৫ | প্রার্থীকে কোনো অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রিধারী হতে হবে অথবা কম্পিউটার টেকনোলোজিতে ৪ বছরের ডিপ্লোমা ডিগ্রিধারী হতে হবে। শিক্ষাজীবনের সকল পর্যায়ে কমপক্ষে ২য় শ্রেণি/বিভাগ/সিজিপিএ/জিপিএ ২.৫০ থাকতে হবে। কম্পিউটার অপারেটিংয়ে প্রশিক্ষণ প্রাপ্ত হতে হবে এবং কম্পিউটার টাইপিং স্পিড মিনিটে ইংরেজিতে ন্যূনতম ৩০ এবং বাংলায় ন্যূনতম ২৫ শব্দ হতে হবে। |
| ১৪. | অডিটর : ২টি স্থায়ী পদ<br>অডিট সেল<br>গ্রেড-১১, জাতীয় বেতন স্কেল ২০১৫ | প্রার্থীকে কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে ব্যবসায় শিক্ষা/ ব্যবসায় প্রশাসন অনুষদাধীন স্নাতক/ সমমানের পরীক্ষায় পাশসহ অডিট সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে। শিক্ষাজীবনের সকল পর্যায়ে কমপক্ষে ২য় শ্রেণি/বিভাগ/সিজিপিএ/জিপিএ ২.৫০ থাকতে হবে। |
| ১৫. | মুয়াজ্জিন-কাম-খাদেম: ১ টি স্থায়ী পদ<br>কেন্দ্রীয় মসজিদ<br>গ্রেড-১১, জাতীয় বেতন স্কেল ২০১৫ | প্রার্থীকে কোনো স্বীকৃত বোর্ড/ বিশ্ববিদ্যালয় থেকে ২য় শ্রেণিতে ফাজিল ডিগ্রিধারী হতে হবে। শিক্ষাজীবনের সকল পর্যায়ে কমপক্ষে ২য় শ্রেণি/বিভাগ/সিজিপিএ/জিপিএ ২.৫০ থাকতে হবে। শুদ্ধ উচ্চারণে কুরআন তেলাওয়াত ও আযান প্রদানের যোগ্যতা থাকতে হবে। হাফেজ-ই-কুরআন এবং কোনো প্রতিষ্ঠানের জামে মসজিদে মুয়াজ্জিনের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। |
| ১৬. | কেয়ারটেকার : ১ টি স্থায়ী পদ<br>গ্রেড-১১, জাতীয় বেতন স্কেল ২০১৫ | প্রার্থীকে কোনো অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/ সমমানের পরীক্ষায় পাশ হতে হবে। বিশ্ববিদ্যালয়/ সরকারী/ বেসরকারী প্রতিষ্ঠানে কেয়ারটেকার হিসেবে বাস্তব অভিজ্ঞতা থাকা বাঞ্ছনীয়। কম্পিউটার অপারেটিংয়ে দক্ষতা থাকতে হবে। শিক্ষাজীবনের সকল পর্যায়ে কমপক্ষে ২য় শ্রেণি/বিভাগ/জিপিএ/ সিজিপিএ ২.৫০ থাকতে হবে। |
| ১৭. | একাউন্ট্যান্ট : ১ টি স্থায়ী পদ<br>গ্রেড-১২, জাতীয় বেতন স্কেল ২০১৫ | প্রার্থীকে কোনো অনুমোদিত বিশ্ববিদ্যালয় থেকে ব্যবসায় শিক্ষা/ ব্যবসায় প্রশাসন অনুষদাধীন স্নাতক বা সমমানের পরীক্ষায় পাশ হতে হবে। বিশ্ববিদ্যালয় পর্যায়ে অথবা সরকারি/স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ২ (দুই) বছরের অভিজ্ঞতা থাকা বাঞ্ছনীয়। শিক্ষাজীবনের সকল পর্যায়ে কমপক্ষে ২য় শ্রেণি/বিভাগ/সিজিপিএ/জিপিএ ২.৫০ থাকতে হবে। বিইউ/রেজি/ জনবল (ভলিউম-৩)/১৮৪/২০১৩ (শিক্ষক)/৮৯৪; ১২/০৮/২০১৮ স্মারকের বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে যারা পূর্বে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই। |
| ১৮. | একাউন্টস এসিস্ট্যান্ট: ২ টি স্থায়ী পদ<br>অর্থ ও হিসাব অফিস<br>গ্রেড-১৩, জাতীয় বেতন স্কেল ২০১৫ | প্রার্থীদের কোনো স্বীকৃত বোর্ড/ বিশ্ববিদ্যালয় থেকে ব্যবসায় শিক্ষা বিভাগে এইচএসসি পাশ হতে হবে। শিক্ষাজীবনের সকল পর্যায়ে কমপক্ষে ২য় শ্রেণি/ বিভাগ/জিপিএ/ সিজিপিএ ২.৫০ থাকতে হবে। প্রার্থীকে কম্পিউটার অপারেটিং-এ প্রশিক্ষণসহ এমএস ওয়ার্ড এবং এক্সেলের কাজে পারদর্শী হতে হবে। |
| ১৯. | ল্যাব এসিস্ট্যান্ট: ১ টি স্থায়ী পদ<br>রসায়ন বিভাগ<br>গ্রেড-১৩, জাতীয় বেতন স্কেল ২০১৫ | প্রার্থীকে কোনো স্বীকৃত বোর্ড/ বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে এইচএসসি পাশ হতে হবে। ল্যাব এসিস্ট্যান্ট হিসেবে ২ (দুই) বছরের অভিজ্ঞতা থাকা বাঞ্ছনীয়। শিক্ষাজীবনের সকল পর্যায়ে কমপক্ষে ২য় শ্রেণি/বিভাগ/জিপিএ/ সিজিপিএ ২.৫০ থাকতে হবে। |
| ২০. | নার্স: ২ টি স্থায়ী পদ<br>মেডিকেল সেন্টার<br>গ্রেড-১৩, জাতীয় বেতন স্কেল ২০১৫ | প্রার্থীকে অনুমোদিত বোর্ড হতে নার্সিং এন্ড মিডওয়াইফারি অধিদপ্তরের অধীনে ন্যূনতম ০৩ (তিন) বছর মেয়াদি নার্সিং ডিপ্লোমাধারী হতে হবে। সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকা বাঞ্ছনীয়। শিক্ষাজীবনে প্রতিটি পরীক্ষায় ন্যূনপক্ষে সিজিপিএ/জিপিএ ২.৫০ বা দ্বিতীয় বিভাগ/ শ্রেণি থাকতে হবে। বিইউ/রেজি/জনবল(ভলিউম-৩)/১৮৪/২০১৩(শিক্ষক)/৮৯৪; ১২/০৮/২০১৮ স্মারকের বিজ্ঞপ্তির (১ টি পদে) পরিপ্রেক্ষিতে যারা পূর্বে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই। |
| ২১. | মেডিকেল এসিস্ট্যান্ট-(মহিলা): ১ টি স্থায়ী পদ<br>মেডিকেল সেন্টার<br>গ্রেড-১৩, জাতীয় বেতন স্কেল ২০১৫ | প্রার্থীকে রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদের অধীনে ডিএমএফ ডিগ্রিধারী হতে হবে। সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকা বাঞ্ছনীয়। শিক্ষাজীবনের সকল ক্ষেত্রে কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণি/জিপিএ/ সিজিপিএ ২.৫ থাকতে হবে। |
| ২২. | অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর: ৪ টি স্থায়ী পদ<br>গ্রেড-১৩, জাতীয় বেতন স্কেল ২০১৫ | প্রার্থীকে অনুমোদিত বোর্ড হতে এইচএসসি বা সমমানের পরীক্ষায় পাশ অথবা কম্পিউটার টেকনোলোজিতে ৪ বছরের ডিপ্লোমা ডিগ্রিধারী হতে হবে। শিক্ষাজীবনের সকল পর্যায়ে কমপক্ষে ২য় শ্রেণি/বিভাগ/সিজিপিএ/জিপিএ ২.৫০ থাকতে হবে। কম্পিউটার অপারেটিংয়ে প্রশিক্ষণ প্রাপ্ত হতে হবে এবং কম্পিউটার টাইপিং স্পিড মিনিটে ইংরেজিতে ন্যূনতম ৩০ এবং বাংলায় ন্যূনতম ২৫ শব্দ হতে হবে। বিইউ/রেজি/জনবল (ভলিউম-৩)/১৮৪/২০১৩(শিক্ষক)/৮৯৪; ১২/০৮/২০১৮ স্মারকের বিজ্ঞপ্তির (৩ টি পদে) পরিপ্রেক্ষিতে যারা পূর্বে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই। |
| ২৩. | ডাটা এন্ট্রি অপারেটর: ১ টি স্থায়ী পদ<br>কেন্দ্রীয় লাইব্রেরি<br>গ্রেড-১৩, জাতীয় বেতন স্কেল ২০১৫ | প্রার্থীকে কোনো স্বীকৃত বোর্ড/ বিশ্ববিদ্যালয় হতে এইচএসসি বা সমমানের পরীক্ষায় পাশ অথবা কম্পিউটার টেকনোলোজিতে ৪ বছরের ডিপ্লোমা ডিগ্রিধারী হতে হবে। শিক্ষাজীবনের সকল পর্যায়ে কমপক্ষে ২য় শ্রেণি/বিভাগ/জিপিএ/ সিজিপিএ ২.৫০ থাকতে হবে। কম্পিউটার টাইপিং স্পিড মিনিটে ইংরেজিতে ন্যূনতম ৩০ এবং বাংলায় ন্যূনতম ২৫ শব্দ হতে হবে। |
| ২৪. | ড্রাইভার : ১টি স্থায়ী পদ<br>গ্রেড-১৫, জাতীয় বেতন স্কেল ২০১৫ | প্রার্থীকে এসএসসি বা সমমানের পরীক্ষায় পাশসহ বিআরটিএ'র ভারী লাইসেন্সধারী হতে হবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। দক্ষ ও অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। |
| ২৫. | ইস্যু ক্লার্ক : ১ টি স্থায়ী পদ<br>কেন্দ্রীয় লাইব্রেরি<br>গ্রেড -১৫, জাতীয় বেতন স্কেল ২০১৫ | প্রার্থীর অনুমোদিত বোর্ড/বিশ্ববিদ্যালয় হতে এইচএসসি/সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট বিষয়ে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটার অপারেটিংয়ে পারদর্শী হতে হবে। শিক্ষাজীবনের সকল ক্ষেত্রে কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণি/ সিজিপিএ/জিপিএ ২.৫ থাকতে হবে। |
| ২৬. | এসিস্ট্যান্ট স্টোর কিপার: ১ টি স্থায়ী পদ<br>মেডিকেল সেন্টার<br>গ্রেড-১৬, জাতীয় বেতন স্কেল ২০১৫ | প্রার্থীকে কোনো অনুমোদিত বোর্ড হতে এইচএসসি বা সমমানের পরীক্ষায় পাশ হতে হবে। কম্পিউটার অপারেটিংয়ে পারদর্শী হতে হবে। শিক্ষাজীবনের সকল ক্ষেত্রে কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণি/ সিজিপিএ/জিপিএ ২.৫ থাকতে হবে। |
| ২৭. | অফিস সহকারী-কাম-কম্পিউটার টাইপিস্ট: ৪ টি স্থায়ী পদ<br>গ্রেড -১৬, জাতীয় বেতন স্কেল ২০১৫ | প্রার্থীকে অনুমোদিত বোর্ড হতে এইচএসসি/সমমানের পরীক্ষায় পাশ হতে হবে। কম্পিউটার অপারেশন কোর্সে প্রশিক্ষণ প্রাপ্ত এবং প্রার্থীর কম্পিউটার টাইপিং স্পিড মিনিটে ইংরেজিতে ন্যূনতম ৩০ এবং বাংলায় ন্যূনতম ২৫ শব্দ হতে হবে। শিক্ষাজীবনের সকল ক্ষেত্রে কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণি/ জিপিএ/সিজিপিএ ২.৫ থাকতে হবে। |

| | | |
|---|---|---|
| ২৮. | পাম্প অপারেটর: ২ টি স্থায়ী পদ<br>প্রকৌশল দপ্তর<br>গ্রেড-১৭, জাতীয় বেতন স্কেল ২০১৫ | প্রার্থীকে অনুমোদিত বোর্ড হতে এসএসসি/সমমানের পরীক্ষায় পাশসহ কোনো স্বীকৃত বোর্ড/ইনস্টিটিউট হতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্সধারী হতে হবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ২৯. | ম্যাসন: ১ টি স্থায়ী পদ<br>প্রকৌশল দপ্তর<br>গ্রেড-১৭, জাতীয় বেতন স্কেল ২০১৫ | প্রার্থীকে জে.এস.সি/সমমান পাশসহ রাজমিস্ত্রির কাজে ৩ (তিন) বছরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। |
| ৩০. | কার্পেন্টার: ১ টি স্থায়ী পদ<br>প্রকৌশল দপ্তর<br>গ্রেড-১৭, জাতীয় বেতন স্কেল ২০১৫ | প্রার্থীকে জে.এস.সি/ সমমান পাশসহ কোনো স্বীকৃত কারিগরি ইনস্টিটিউট/ প্রতিষ্ঠান হতে কার্পেন্টার ট্রেডে সার্টিফিকেটধারী হতে হবে। |
| ৩১. | প্লাম্বার: ১ টি স্থায়ী পদ<br>প্রকৌশল দপ্তর<br>গ্রেড-১৭, জাতীয় বেতন স্কেল ২০১৫ | প্রার্থীকে কোন অনুমোদিত বোর্ড হতে এসএসসি পাশসহ সংশ্লিষ্ট বিষয়ে ট্রেডকোর্সধারী হতে হবে। শিক্ষাজীবনের সকল ক্ষেত্রে কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণি/সিজিপিএ/জিপিএ ২.০ থাকতে হবে। সংশ্লিষ্ট কাজের বাস্তব অভিজ্ঞতা থাকা বাঞ্ছনীয়। |
| ৩২. | ম্যাশিন অপারেটর: ১ টি স্থায়ী পদ<br>কেন্দ্রীয় লাইব্রেরি<br>গ্রেড-১৮, জাতীয় বেতন স্কেল ২০১৫ | প্রার্থীকে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে মেশিন টুল অপারেশন ট্রেডে এসএসসি/ সমমান পরীক্ষায় দ্বিতীয় শ্রেণি/বিভাগ/জিপিএ/সিজিপিএ/জিপিএ ২.০ অর্জনসহ ফটোকপি ও রিপ্রোগ্রাফি মেশিন চালনার বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে। |
| ৩৩. | ল্যাব এটেনডেন্ট: ১৩ টি স্থায়ী পদ<br>গ্রেড-১৮, জাতীয় বেতন স্কেল ২০১৫ | প্রার্থীদের কোন অনুমোদিত বোর্ড হতে বিজ্ঞান বিভাগে এসএসসি/সমমানের সার্টিফিকেটধারী হতে হবে। শিক্ষাজীবনের সকল পর্যায়ে কমপক্ষে ২য় শ্রেণি/বিভাগ/জিপিএ ২.০ থাকতে হবে। অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। |
| ৩৪. | অফিস সহায়ক: ১১ টি স্থায়ী পদ<br>গ্রেড-২০, জাতীয় বেতন স্কেল ২০১৫ | প্রার্থীদের কোনো অনুমোদিত বোর্ড হতে এসএসসি/সমমানের পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় শ্রেণি/বিভাগ/জিপিএ/সিজিপিএ/জিপিএ ২.০ থাকতে হবে। বিইউ/রেজি/জনবল(ভলিউম-৩)/১৮৪/২০১৩(শিক্ষক)/৮৯৪; ১২/০৮/২০১৮ স্মারকের বিজ্ঞপ্তির (৩ টি পদে) পরিপ্রেক্ষিতে যারা পূর্বে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই। |
| ৩৫. | হল এটেনডেন্ট: ২ টি স্থায়ী পদ<br>বঙ্গবন্ধু হল ও শেরে বাংলা হল<br>গ্রেড-২০, জাতীয় বেতন স্কেল ২০১৫ | প্রার্থীর কোনো অনুমোদিত বোর্ড হতে এসএসসি/সমমানের পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় শ্রেণি/বিভাগ/জিপিএ/সিজিপিএ ২.০ থাকতে হবে। |
| ৩৬. | হল এটেনডেন্ট (মহিলা): ১ টি স্থায়ী পদ<br>শেখ হাসিনা হল<br>গ্রেড-২০, জাতীয় বেতন স্কেল ২০১৫ | প্রার্থীর কোনো অনুমোদিত বোর্ড হতে এসএসসি/সমমানের পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় শ্রেণী/বিভাগ/জিপিএ/সিজিপিএ ২.০ থাকতে হবে। |
| ৩৭. | মেকানিক: ১ টি স্থায়ী পদ<br>পরিবহণ পুল, রেজিস্ট্রারের কার্যালয়<br>গ্রেড-২০, জাতীয় বেতন স্কেল ২০১৫ | প্রার্থীর অনুমোদিত বোর্ড হতে জেএসসি/সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। বিইউ/রেজি/জনবল(ভলিউম-৩)/১৮৪/২০১৩(শিক্ষক)/৮৯৪; ১২/০৮/২০১৮ স্মারকের বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে যারা পূর্বে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই। |
| ৩৮. | সহকারী বাবুর্চি (হল): ৩ টি স্থায়ী পদ<br>গ্রেড-২০, জাতীয় বেতন স্কেল ২০১৫<br>(৮২৫০-২০০৪০/-) | প্রার্থীদের কোনো অনুমোদিত বোর্ড হতে জেএসসি/সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৩৯. | নিরাপত্তা প্রহরী: ৩ টি স্থায়ী পদ<br>গ্রেড-২০, জাতীয় বেতন স্কেল ২০১৫ | প্রার্থীকে কোনো অনুমোদিত বোর্ড হতে জেএসসি/ সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন এবং সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। অবসরপ্রাপ্ত সৈনিক/ বিজিবি/ পুলিশ/ আনসার/ ভিডিপি সদস্যদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। |
| ৪০. | পরিচ্ছন্নতা কর্মী : ৪টি স্থায়ী পদ<br>গ্রেড-২০, জাতীয় বেতন স্কেল ২০১৫ | প্রার্থীদের অনুমোদিত বোর্ড হতে জেএসসি/ সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীদের সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। হরিজন সম্প্রদায়ের প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |

**শর্তাবলী**

| | |
|---|---|
| (ক) | আবেদনকারীকে বরিশাল বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরম www.bu. ac.bd থেকে ডাউনলোড করে অথবা বরিশাল বিশ্ববিদ্যালয়, কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশালের ডিসপ্যাচ শাখা থেকে ফরম প্রতি ৫০/-(পঞ্চাশ) টাকা দিয়ে ফরম সংগ্রহপূর্বক সংশ্লিষ্ট কাগজপত্রসহ গ্রেড: ৫ থেকে গ্রেড ১০ পদের জন্য ০৮ (আট) সেট, গ্রেড: ১১ থেকে গ্রেড ২০ পদের জন্য ২ (দুই) সেট রেজিস্ট্রার, বরিশাল বিশ্ববিদ্যালয়, কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২৫৪ বরাবর জমা দিতে হবে। আবেদনের সময়সীমা ৩০/০১/২০২২ তারিখ। |
| (খ) | প্রার্থীকে আবেদনপত্রের সাথে প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে- (১) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার (যদি থাকে) সনদ ও নম্বরপত্র এবং প্রশিক্ষণ সংক্রান্ত সনদের ফটোকপি। (২) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৪ কপি রঙিন ছবি ও প্রতি সেটের সাথে এক কপি রঙিন ছবি। (৩) অনলাইনে সম্পন্নকৃত জন্ম সনদপত্র/ জাতীয় পরিচয়পত্রের ফটোকপি। |
| (গ) | চাকুরিতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। |
| (ঘ) | ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ এবং নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদনপত্র গ্রহণ করা হবে না। |
| (ঙ) | আবেদনকালে প্রার্থীর আবেদনপত্রে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার যে বর্ণনা দেয়া হবে চাকুরিতে যোগদানের পর পূর্বে অর্জিত এর অতিরিক্ত কোন যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ গ্রহণযোগ্য হবে না। |
| (চ) | দরখাস্তের সাথে রেজিস্ট্রার, বরিশাল বিশ্ববিদ্যালয়-এর অনুকূলে সোনালী ব্যাংক লিমিটেডের যে কোনো শাখা থেকে গ্রেড ৫ থেকে গ্রেড ৭ এর পদের জন্য ১৫০০/- টাকা, গ্রেড ৯-এর পদের জন্য ১২০০/- টাকা, গ্রেড ১০-এর পদের জন্য ১০০০/- টাকা, গ্রেড ১১ থেকে গ্রেড ১৬-এর পদের জন্য ৭০০/- টাকা এবং গ্রেড ১৭ থেকে গ্রেড ২০ এর পদের জন্য ৫০০/- টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) অবশ্যই সংযুক্ত করতে হবে। |
| (ছ) | প্রত্যেক প্রার্থীকে তার প্রার্থিত পদের নাম খামের উপরে স্পষ্ট অক্ষরে লিখতে হবে। |
| (জ) | বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে আবেদনপত্র ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল ও সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করে। একই সাথে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে। |
| (ঝ) | গ্রেড ৫ থেকে গ্রেড ৭ ব্যতীত সকল পদে আবেদনকারীর বয়সসীমা ৩০/০১/২০২২ তারিখ পর্যন্ত সর্বাধিক ৩০ বছর। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে এই শর্ত শিথিলযোগ্য। এ ছাড়াও প্রভাষক ও ইমাম পদের প্রার্থী এবং নিরাপত্তা প্রহরী পদে আবেদনকারী অবসরপ্রাপ্ত সৈনিক/ বিজিবি/ পুলিশ/ আনসার/ ভিডিপি সদস্যদের ক্ষেত্রে বয়সের শর্ত শিথিলযোগ্য। |
| (ঞ) | অভ্যন্তরীণ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে এবং গ্রেড ১১ থেকে গ্রেড ২০ পর্যন্ত পদের ক্ষেত্রে তাদের শিক্ষাগত যোগ্যতার যে কোন একটি শর্ত শিথিলযোগ্য। |

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

৪/১/২০২২

(প্রফেসর ড. মোঃ মুহসিন উদ্দীন)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
বরিশাল বিশ্ববিদ্যালয়